

■ সহীহ মুসলিম (হাদীস একাডেমী)

হাদিস নাম্বারঃ ৪২৪৮ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৬৭১]

২৯। কাসামাহ্ (খুন অস্থীকার করলে হলফ নেয়া), মুহারিবীন (লড়াই), কিসাস (খুনের বদলা) এবং দিয়াত (খুনের

শাস্তি স্বরূপ জরিমানা) (كتاب القسامه والمحاربين والقصاص والديات)

পরিচ্ছেদঃ ২. শক্র সৈন্য এবং মুরতাদদের বিচার

باب حُكْمِ الْمُحَارِبِينَ وَالْمُرْتَدِينَ

আরবী

وَحَدَّثَنَا مُحَمَّدُ بْنُ الْمُثَنَّى، حَدَّثَنَا مُعاَذُ بْنُ مُعَاذٍ، حَوَّلَهُ حَدَّثَنَا أَحْمَدُ بْنُ عُثْمَانَ النَّوْفَلِيُّ،
حَدَّثَنَا أَزْهَرُ السَّمَّانُ، قَالَ حَدَّثَنَا ابْنُ عَوْنٍ، حَدَّثَنَا أَبُو رَجَاءٍ، مَوْلَى أَبِي قِلَابَةَ عَنْ أَبِي
قِلَابَةَ، قَالَ كُنْتُ جَالِسًا خَلْفَ عُمَرَ بْنِ عَبْدِ الْعَزِيزِ فَقَالَ لِلنَّاسِ مَا تَقُولُونَ فِي الْقَسَامَةِ
فَقَالَ عَنْبَسَةُ قَدْ حَدَّثَنَا أَنَّسُ بْنُ مَالِكٍ كَذَا وَكَذَا فَقُلْتُ إِيَّاهُ حَدَّثَ أَنَّسٌ قَدْمَ عَلَى النَّبِيِّ
صَلَى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَوْمٌ . وَسَاقَ الْحَدِيثَ بِنَحْوِ حَدِيثِ أَيُّوبَ وَحَجَاجٍ . قَالَ أَبُو قِلَابَةَ
فَلَمَّا فَرَغْتُ قَالَ عَنْبَسَةُ سُبْحَانَ اللَّهِ - قَالَ أَبُو قِلَابَةَ - فَقُلْتُ أَتَتَهْمِنُ يَا عَنْبَسَةُ قَالَ لَا
هَكَذَا حَدَّثَنَا أَنَّسُ بْنُ مَالِكٍ لَنْ تَرَأْلُوا بِخَيْرٍ يَا أَهْلَ الشَّامِ مَادَامَ فِيكُمْ هَذَا أَوْ مِثْلُ هَذَا

বাংলা

৪২৪৮-(১২/...) মুহাম্মাদ ইবনু মুসাম্মা (রহঃ) আহমাদ ইবনু উসমান নাওফেলী (রহঃ) ... আবু কিলাবাহ (রহঃ) হতে বর্ণিত। তিনি বলেন, একদা আমি 'উমার ইবনু আবদুল আয়ীয় (রহঃ) এর পিছনে বসা ছিলাম। তিনি জনগণের কাছে জানতে চাইলেন, তোমরা 'কাসামাহ' (খুনের ব্যাপারে হলফ করা) সম্পর্কে কী বল? আস্বাসাহ (রহঃ) বললেন, আমাদের কাছে আনাস ইবনু মালিক (রাযঃ) এমন এমন হাদীস বর্ণনা করেছেন। আমি বললাম, আনাস (রাযঃ) বিশেষ করে আমাকে হাদীসটি বর্ণনা করেছেন যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর কাছে একদল লোক আগমন করল। এরপর আনাস আইয়ুব এবং হাজাজ এর অনুরূপ হাদীস বর্ণনা করেন।

আবু কিলাবাহ (রহঃ) বলেন, আমি যখন হাদীসের বর্ণনা শেষ করলাম, তখন বললাম, হে আস্বাসাহ! আপনি কি আমার উপর মিথ্যার অভিযোগ আনলেন? তখন তিনি বললেন, না। আমার কাছে আনাস (রাযঃ) এরূপেই হাদীস বর্ণনা করেছেন। হে সিরিয়াবাসী! তোমরা সর্বদাই কল্যাণের মধ্যে থাকবে যতদিন তোমাদের মাঝে এই লোক বিদ্যমান থাকবেন। অথবা (রাবীর সন্দেহ) তার মত লোক তোমাদের মাঝে অবস্থান করবেন। (অর্থাৎ এ দ্বারা তিনি আবু কিলাবার স্মরণশক্তির প্রশংসা করলেন।) (ইসলামিক ফাউন্ডেশন ৪২০৯, ইসলামিক সেন্টার ৪২০৯)

English

Abu Qilaba reported:

I was sitting behind 'Umar b. 'Abd al-'Aziz and he said to the people: What do you say about al-Qasama? Thereupon 'Anbasa said: Anas b Malik narrated to us such and such (hadith pertaining to al-Qasama). I said: This is what Anas had narrated to me: People came to Allah's Apostle (ﷺ), and the rest of the hadith is the same. When I (Abu Qilaba) finished (the narration of this hadith), 'Anbasa said: Hallowed be Allah. I said: Do you blame me (for telling a lie)? He ('Anbasa) said: No. This is how Anas b Malik narrated to us. O people of Syria, you would not be deprived of good, so long as such (a person) or one like him lives amongst you.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ আবু কিলাবাহ্ (রহঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=51331>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন